যুগান্তর

11 FEB ০৭
তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# গতানুগতিক পদ্ধতিতে শিক্ষা দিয়ে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা সম্ভব নয়

## —শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক অর্থনীতি শিক্ষায় জীবনমুখী বাস্তবসম্মত শিক্ষা কারিকুলাম প্রণয়নের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, গতানুগতিক পদ্ধতিতে শিক্ষা দিয়ে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা সম্ভব নয়। বেকারত্বের ভয়াবহতা তুলে ধরে তিনি আরও বলেন, আমাদের এমন শিক্ষার দরকার নেই যে শিক্ষা অর্জন করে ছেলেমেয়েরা বেকার থাকবে। চাকরি পাবে না। পশ্চিমবঙ্গে শিক্ষিত বেকাররা যেভাবে সার্টিফিকেট পুড়িয়ে দিয়েছে সে দৃশ্য আমরা আমাদের দেশে দেখতে চাই না।

গতকাল শুক্রবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী মিলনায়তনে বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতি আয়োজিত 'বাংলাদেশের অর্থনীতি ও শিক্ষা' শীর্ষক সেমিনারের উদ্বোধনী ভাষণে তিনি এ কথা বলেন। জাতীয় দ্বিবার্ষিক সম্মেলন উপলক্ষে সমিতির সভাপতি প্রফেসর ড. মোজাফফর আহমদের সভাপতিত্বে আয়োজিত এ সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এটিএম জহুরুল হক ও শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম। স্বাগত বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোঃ আবু তাহের শেখ।

শিক্ষামন্ত্রী বলেন, বেকারত্বের অভিশাপ ভয়াবহ রূপ নিতে যাচ্ছে। এমনিতে দেশে অর্ধেকের বেশি লোক দারিদ্র্যসীমার নিচে অবস্থান করে আসছে।